

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের নৈতিকতার সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মোশারফ হোসেন মোল্লা
সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
সভার তারিখ : ১৮-০৬-২০২০ খ্রি.
সভার সময় : বিকাল ৩:০০ ঘটিকা
সভার স্থান : সচিবের অফিস কক্ষ
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক'


সভাপতি উপস্থিত সকল সদস্যের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি ফাউন্ডেশনের প্রতিটি কাজকর্মে নৈতিকতা চর্চা যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। গত ০৯-০১-২০২০ খ্রি. তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত “নৈতিকতা কমিটির” সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য ও এ বিষয়ে গৃহীত কার্যক্রম অবহিত করার জন্য নির্বাহী কর্মকর্তাকে আহ্বান জানান। নির্বাহী কর্মকর্তা সভায় অবহিত করেন যে, উক্ত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

সভায় এ ফাউন্ডেশনের ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পর্যালোচনা করে দেখা যায় যে, কার্যক্রমের ৭.২ নং ক্রমিকে বর্ণিত ই- টেন্ডারে ক্রেতার মত কোন কার্যক্রম এ ফাউন্ডেশনের নেই, ৬ নং ক্রমিকে বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ে ফাউন্ডেশনের কোনো কার্যক্রম/প্রকল্প নেই বা এ বিষয়ে বর্তমানে কিছু করণীয় নেই। তাছাড়াও ১২.৩ নং ক্রমিকের কার্যক্রমের বিষয়ে ফাউন্ডেশনের কোন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কোনো কার্যালয় না থাকায় এ বিষয়েও কোনো করণীয় নেই।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

- (১) সরকারী নির্দেশনা অনুযায়ী কোন কর্মকর্তা/কর্মচারী সদর কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।
- (২) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন অনুদান ও আর্থিক সহায়তা নীতিমালা অনুযায়ী ২০১৯-২০২০ অর্থ-বছরে মাসিক ভাতা/এককালীন অনুদানের জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করতে হবে।
- (৩) জাতীয় শুদ্ধাচার কৌশলের সকল ত্রৈমাসিক প্রতিবেদন ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করতে হবে।

আর কোন আলাচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।


(মোঃ মোশারফ হোসেন মোল্লা)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি